



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/২৪৩৬

তারিখ : ১৬/০৩/২০২০

বিষয় : উচ্চমাধ্যমিক বিদ্যালয়-এর (স্কুল এন্ড কলেজ) মাধ্যমিক পর্যায়ে সকল প্রকার কার্যক্রম বোর্ডের বিদ্যালয় শাখা হতে সম্পাদন প্রসঙ্গে।

বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক (স্কুল এন্ড কলেজ) বিদ্যালয়সমূহের অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে, মাধ্যমিক পর্যায়ে সকল কাজ অর্থাৎ নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদান, নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি, মাধ্যমিক পর্যায়ে পাঠদান, মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি, অতিরিক্ত শ্রেণি শাখা, শাখা ও বিষয়, অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি ইত্যাদি করাতে হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বোর্ডের বিদ্যালয় শাখা হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

এছাড়া ৭০০ (সাতশত), ১০০০ (এক হাজার) ও ১৩০০ (এক হাজার তিনশত) উর্ধ্বে শিক্ষার্থী ভর্তি করাতে হলেও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান একইভাবে বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



মোহাম্মদ আবুল মনসুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান


২৬/০৩/২০২০